



২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০২৫

29TH DHAKA INTERNATIONAL TRADE FAIR-2025



নং-২৬.০২.০০০০.০৫৫.৪৪.০৫৭.২৪- ১৬৭

তারিখঃ ১৬ পৌষ, ১৪৩১ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর, ২০২৪ খ্রিঃ

নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত ০১ জানুয়ারি ২০২৫ খ্রিঃ তারিখ হতে মাসব্যাপী ২৯তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০২৫ পূর্বাচলে অবস্থিত “বাংলাদেশ চায়না ফ্রেন্ডশিপ এক্সিবিশন সেন্টার” (বিসিএফইসি)তে শুরু হয়েছে। ডিআইটিএফ-২০২৫-এ ৩৬২-টি দেশি/বিদেশি প্রতিষ্ঠানের অনুকূলে বিভিন্ন প্রকার প্যাভিলিয়ন/স্টল/রেস্টুরেন্ট বরাদ্দ প্রদান করা হয়েছে। বরাদ্দপ্রাপ্ত প্রতিষ্ঠানসমূহকে স্টল/প্যাভিলিয়নের অবকাঠামো নির্মাণসহ পণ্য প্রদর্শনীর কাজ নির্ধারিত সময়ের মধ্যে শেষ করার জন্য বরাদ্দ পত্রে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে কিছু স্টল/প্যাভিলিয়নের অবকাঠামো নির্মাণসহ পণ্য প্রদর্শনীর কার্যক্রম অদ্যাবধি সমাপ্ত হয় নি।

০২। এমতাবস্থায়, ডিআইটিএফ-২০২৫-এ অংশগ্রহণের লক্ষ্যে প্যাভিলিয়ন/স্টল/রেস্টুরেন্ট বরাদ্দপ্রাপ্ত দেশি/বিদেশি প্রতিষ্ঠানসমূহকে আগামী ০৪ জানুয়ারি ২০২৫ খ্রিঃ তারিখ [শনিবার রাত ১০:০০ টা]-এর মধ্যে প্যাভিলিয়ন/স্টল/রেস্টুরেন্ট-এর অবকাঠামো নির্মাণসহ পণ্য প্রদর্শনীর কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৩। নির্ধারিত সময়ের মধ্যে প্যাভিলিয়ন/স্টল/রেস্টুরেন্ট-এর অবকাঠামো নির্মাণসহ পণ্য প্রদর্শনীর কার্যক্রম সম্পাদনে সক্ষম না হলে নির্মাণ সামগ্রী ডিআইটিএফ-২০২৫ প্রাঙ্গণে প্রবেশের ক্ষেত্রে গেইট ইজরাপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বিধিমতে নির্ধারিত মূল্য পরিশোধ করতে হবে। এজন্য ডিআইটিএফ-২০২৫ কর্তৃপক্ষ কোন দায় বহন করবে না।

০৪। জনস্বার্থে এ নোটিশ জারি করা হলো।

(মোহাম্মদ কাউছার হামিদ)

উপপরিচালক (প্রশাসন)

রপ্তানি উন্নয়ন ব্যুরো

ও

সদস্য-সচিব

২৯তম ডিআইটিএফ-২০২৫

ফোন: ৫৫০১৩২৭৮

ই-মেইল: dd-admin@epb.gov.bd

বিতরণ:

- ১। পরিচালক, ২৯তম ডিআইটিএফ-২০২৫, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।
- ২। অতিরিক্ত পুলিশ সুপার/২৯তম ডিআইটিএফ-২০২৫-এর দায়িত্বপ্রাপ্ত (নিরাপত্তা) কর্মকর্তা, বাংলাদেশ পুলিশ, নারায়ণগঞ্জ।
- ৩। জনাব মোঃ শাফকাত মতিন, পরিচালক, ডিজি ইনফোনেট লি., প্লট ৬/এ, রোড-৩২, গুলশান এডিনিউ, ঢাকা-১২১২ [বর্গিত ০৪ (চার) দিনের মধ্যে অবকাঠামো নির্মাণ সংশ্লিষ্ট মালামালসহ যানবাহন বিনামূল্যে মেলা প্রাঙ্গণে প্রবেশের অনুমতি প্রদানের অনুরোধসহ]।
- ৪। স্বত্বাধিকারী/প্রোপাইটার (সকল), ডিআইটিএফ-২০২৫-এ অংশগ্রহণকারী প্রতিষ্ঠানসমূহ।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, আর আর সিকিউরিটি সার্ভিসেস লিঃ, ৩৫৭/২, পীরেরবাগ, মিরপুর, ঢাকা-১২১৬।

অনুলিপি (জ্ঞাতার্থে):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (নোটিশটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. পিএ টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. পিএ টু মহাপরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. নোটিশ বোর্ড, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা।



রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাণিজ্য মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

টিসিবি ডব্লিউ ১ কাওরান বাজার, ঢাকা-১২১৫, ফোন: ৮৮-০২-৫৫০১৩৪২০, পিএবিএক্স ৫৫০১৩৯৪৭, ৮১৮০০৮৪, ৮১৮০০৯০
ফ্যাক্স: ৮৮-০২-৫৫০১৪০২৪, ই-মেইল: secy@epb.gov.bd, ওয়েবসাইট: www.epb.gov.bd

